



২০২১ সালের মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) রেজিস্ট্রেশনের সময় বর্ধিতকরণের বিজ্ঞপ্তি

আবেদন ফরম ওয়েব সাইট থেকে সংগ্রহঃ www.nu.ac.bd/admissions ১৩.১২.২০২২ হতে ০৯.০১.২০২৩ পর্যন্ত।



অনলাইনে Sonali esheba-এর মাধ্যমে ফি পরিশোধের তারিখঃ ১৫.১২.২০২২ হতে ১০.০১.২০২৩ (ব্যাক সময়) পর্যন্ত।

অনলাইনে পূরণকৃত ফরম কলেজে জমাঃ ১৫.১২.২০২২ হতে ১০.০১.২০২৩ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত)

সকাল ১০.০০ টা হইতে দুপুর ২.০০ টা পর্যন্ত

আবেদন ও রেজিস্ট্রেশন ফিস বাবদ : ১৩৫০/- (রেজিস্ট্রেশন ফিস-৮০০+ ভর্তি ফিস+৩০০+ইনকোর্স ফিস-২০০+ব্যবস্থাপনা ফিস- ৫০) টাকা মাত্র।

- ১। ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সাল সমূহে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা মাস্টার্স শেষপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। তবে অনার্সে পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স শেষপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে না।
 - খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সাল সমূহে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/ প্রাইভেট) পরীক্ষায় ন্যূনতম ৪৫% অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা মাস্টার্স শেষপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
 - গ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার- এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ, শর্তাবলী পূরণ এবং উত্তম আচরণের প্রত্যয়ন সাপেক্ষে কারাবন্দীগণও উক্ত প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
 - ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে বিভাগীয় প্রধানের অনুমতিক্রমে উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
 - ঙ) স্নাতকোত্তর শেষপর্ব (প্রাইভেট) কোর্সে আবেদনের জন্য প্রার্থী ওয়েব সাইট www.nu.edu.bd/admissions এ ফরম পূরণ করতে পারবেন। আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120x150 Pixels, Image Type: JPG এবং Maximum file size: 50KB। আবেদন দাখিলের পর প্রার্থীগণ একটি PIN নম্বর পাবেন এবং আবেদনপত্র প্রিন্ট করতে পারবেন। অনলাইন আবেদনে কোন ধরণের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ২। **শুধুমাত্র নিম্নলিখিত বিষয়ে মাস্টার্স শেষপর্বের প্রাইভেট প্রার্থী হিসেবে রেজিস্ট্রেশন করা যাবে :**
- এম এ = বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, ইসলামী শিক্ষা ।
- এম এস এস = অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান। এম বি এস = হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স।
- ৩। প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস (২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব নিয়মিত কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় ভিত্তিক অনুরূপ সিলেবাস প্রযোজ্য হবে) অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ৪। একজন প্রার্থী যে বিষয়ে স্নাতক সম্মান/ মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় নিয়মিতভাবে পাস করেছে, শুধুমাত্র সেই বিষয়ে ২০২১ সালের মাস্টার্স শেষপর্বের প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- ৫। রেজিস্ট্রেশন ফি বাবদ ১৩৫০ টাকা "Sonali eSheba" মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে 'Application Fee' সিলেক্ট করে অথবা <https://sbl.com.bd:7070/> লিংকে প্রবেশ করে "National University Fees" মেন্যু থেকে 'Application Fee' সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত Payment Slip সংগ্রহ করতে হবে।
- ৬। **যে সকল প্রার্থীরা রেজিস্ট্রেশন করবে তাদের আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে :**
- (ক) অনলাইন ফি পরিশোধের Payment Slip সংযুক্ত করতে হবে।
- (খ) মাস্টার্স ১ম পর্ব/ স্নাতক (সম্মান) পাসের নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।
- (গ) বিষয়সমূহের কোড নম্বর কলেজ নোটিশ বোর্ড এবং কলেজ ওয়েব সাইটে দেয়া আছে, এই কোড নম্বর ব্যতিত অন্য কোন কোড প্রদান করা যাবে না। ভর্তি ফরমের উপরে বিষয় কোড এবং সচল মোবাইল নম্বর লিখতে হবে।
- ৭। প্রাইভেট রেজিস্ট্রেশন ফরম জমাঃ কলেজের প্রশাসনিক ভবনে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।
উল্লিখিত তারিখের পর অনলাইন রেজিস্ট্রেশন ফরম গ্রহণ ও ফি পরিশোধ করা যাবে না।
এই বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েব সাইট www.blcollege.edu.bd তে পাওয়া যাবে।


২.১.২০২৩
(প্রফেসর শরীফ আতিকুলখান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

২১/১/২৩